গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৮

# দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ডিজিটাল, টেকসই, নিরাপদ, সুশৃঙ্খল, পরিবেশ বান্ধব ও আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিআরটিএ'র কার্যক্রম অব্যাহত রয়েছে। বিগত ২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ মোট ৩ (তিন) অর্থ বছরে আধুনিক ও ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ পদ্ধতির অংশ হিসেবে বিআরটিএ কর্তৃক ১৩,৯৭,৫৪১ টি মোটরযানের ডিআরসি ইস্যু, ১৯,১৮,৬৭৩ টি ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন, ১৪,৩২,৪৮৬ টি স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন, ১২,৬৬,৮৫২ টি রেট্রো-রিফ্লেক্টিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন এবং মোটরযান সংক্রান্ত বিভিন্ন সার্ভিস প্রদানের মাধ্যমে ৪৮৭৪.১৪ কোটি টাকার রাজস্ব আদায় করা হয়েছে। সড়ক নিরাপত্তা জোরদারকরণের উদ্দেশ্যে বর্ণিত ৩ অর্থ-বছরে মোট ২,৩৮,৮৬৮ জন পেশাদার মোটরযান চালককে সড়ক নিরাপত্তা বিষয়ে দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান এবং ভ্রাম্যমান আদালতের মাধ্যমে প্রায় ৯৫ হাজার মামলা দায়ের করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ-বছরে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে `বিআরটিএ ভবন'এর শুভ উদ্বোধন করা হয়েছে। গত ২০১৯-২০ অর্থ-বছর থেকে অনলাইনে আবেদন গ্রহণের মাধ্যমে তাৎক্ষণিক লার্নার ড্রাইভিং লাইসেন্স ইস্যু, রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান ও রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান, সচিবালয়ের অভ্যন্তরে ফিটনেস নবায়নের ব্যবস্থা গ্রহণ, যে কোন সার্কেল হতে ফিটনেস নবায়নসহ ভাড়ায় চালিত নয় এরূপ মোটরকার, জিপ ও মাইক্রোবাসের একসাথে ২ (দুই) বছরের ফিটনেস প্রদান এবং সড়ক পরিবহন আইন-২০১৮ কার্যকর করা হয়।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সমস্যাঃ পর্যাপ্ত জনবল এবং জেলা পর্যায়ে সড়ক দুর্ঘটনা পরবর্তী অনুসন্ধান কার্যক্রমসহ জরুরী প্রয়োজনে যানবাহনের অভাব।
চ্যালেঞ্জসমূহঃ জেলা পর্যায়ে বিআরটিএ'র নিজস্ব অফিস ভবনসহ মোটরযান চালকদের ড্রাইভিং লাইসেন্সের পরীক্ষা (লিখিত, মৌখিক ও ব্যবহারিক) গ্রহণের জন্য স্থায়ী অবকাঠামোসহ ড্রাইভিং ট্র্যাক, র‍্যাম্প, পরীক্ষার হল, পরীক্ষা গ্রহণের জন্য বিভিন্ন শ্রেণীর মোটরযান সরবরাহ ও ড্রাইভিং সিমুলেটর স্থাপন; মোটরযানের ফিটনেস পরীক্ষার জন্য আধুনিক ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার স্থাপন ও পরিচালনা; বিআরটিএ'র কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে একটি আধুনিক প্রশিক্ষণ একাডেমি স্থাপন; মোটরযানের কারিগরি মান নির্ধারণের নিমিত্ত (Standard and Testing) একটি আধুনিক অটোমোবাইল টেস্টিং ল্যাবরেটরি স্থাপন ও পরিচালনা; ২০২০ সালের মধ্যে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার ৫০% এ কমিয়ে আনা; বিআরটিএ'র সকল কার্যক্রম ডিজিটালাইজেশনের আওতায় আনয়ন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মাঠ পর্যায়ের সকল অফিস সিসিটিভির আওতায় আনয়ন; ৩ লক্ষ দক্ষ চালক তৈরিতে সহযোগিতা প্রদান, মানসম্পন্ন চালক সৃষ্টি ও সড়ক নিরাপত্তা পরিস্থিতির উন্নয়নকল্পে আগামী ৪ (চার) বছরে ঢাকাসহ ময়মনসিংহ, কুমিল্লা, নোয়াখালী, রাঙামাটি ও ফরিদপুর জেলা সদরে বিআরটিএ ভবনসহ ভিআইসি ও আবাসিক সুবিধাসম্পন্ন মোটর ড্রাইভিং টেস্টিং, ট্রেনিং এন্ড মাল্টিপারপাস সেন্টার (BMDTTMC) নির্মাণ এবং পর্যায়ক্রমে ৬৪ জেলায় সম্প্রসারণ; খুব শীঘ্রই ঢাকা মেট্রো সার্কেল-১, মিরপুর এ ১২ লেন বিশিষ্ট আধুনিক ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) চালু করা; চলতি অর্থ-বছর হতেই অধিকাংশ গুরুত্বপূর্ণ সেবা সহজে প্রাপ্তির জন্য অনলাইনে আবেদনের সুযোগ সৃষ্টি করা এবং পর্যায়ক্রমে সকল সেবা ডিজিটালাইজেশন করা; সড়ক নিরাপত্তা বিষয়ক রিসার্চ সেল এবং মিডিয়া ও পাবলিকেশন উইং গঠন করা।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৪ লক্ষ ৬০ হাজার মোটরযানের রেজিস্ট্রেশন ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান, ৩ লক্ষ ৫০ হাজার মোটরযানের রেট্রোরিফ্লেকটিভ নাম্বারপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন, ৩ লক্ষ ৫০ হাজার মোটরযানের ফিটনেস সার্টিফিকেট এবং ৪ লক্ষ ৪০ হাজার স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন, ১৫০০ কোটি টাকা মোটরযান কর ও ফি আদায়;
- ১৬০০ টি ভ্রাম্যমান আদালত পরিচালনা, ৮০ হাজার পেশাদার মোটরযান চালককে সড়ক নিরাপত্তা ও গণসচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান এবং সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৭০টি সভা ও সেমিনার অনুষ্ঠান ও ৫ লক্ষ লিফলেট বিতরণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

ডিজিটাল, টেকসই, নিরাপদ, সুশৃঙ্খল, পরিবেশ বান্ধব আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা নিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার, সড়ক নিরাপত্তা বিষয়ে অংশীজনের সচেতনতা বৃদ্ধি, যুগোপযোগী সড়ক পরিবহন আইন প্রণয়ন ও প্রয়োগের মাধ্যমে ডিজিটাল, টেকসই, নিরাপদ, সুশৃঙ্খল, পরিবেশ বান্ধব আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মোটরযান ব্যবস্থাপনা আধুনিকায়ন
২. সড়ক নিরাপত্তা জোরদারকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. মোটরযান চালনার ড্রাইভিং লাইসেন্স, মোটরযানের রেজিস্ট্রেশন, ফিটনেস সার্টিফিকেট, ড্রাইভিং ইনস্ট্রাক্টর লাইসেন্স, রুট-পারমিট ইত্যাদি প্রদান;
২. মোটরযান প্রস্তুতকারী ও সংযোজনকারী প্রতিষ্ঠান, মোটরযান বিক্রয়কারী প্রতিষ্ঠান, মোটরযান ওয়ার্কশপ, ড্রাইভিং প্রশিক্ষণ স্কুল, মোটরযান দূষণ পরীক্ষাকারী প্রতিষ্ঠান ইত্যাদির রেজিস্ট্রেশন প্রদান;
৩. যাত্রী ও পণ্য পরিবহণ সার্ভিস কার্যক্রম তদারকি ও নিয়ন্ত্রণ;
৪. সরকারি মোটরযান মেরামত ও অকেজো ঘোষণার নিমিত্ত পরিদর্শন প্রতিবেদন প্রদান;
৫. সড়ক দুর্ঘটনায় জড়িত মোটরযানের পরিদর্শন প্রতিবেদন প্রদান;
৬. সড়ক নিরাপত্তা সম্পর্কিত কার্যক্রম গ্রহণ;
৭. ট্রাফিক চিহ্ন, সংকেত, গতিসীমা ইত্যাদি নির্ধারণ;
৮. ঢাকা পরিবহণ সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) অধিক্ষেত্র ব্যতীত অন্যান্য এলাকায় সমন্বিত রুটনেটওয়ার্ক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;
৯. মোটরযানের টাইপ ও শ্রেণির নমুনা অনুমোদন এবং তদানুযায়ী নির্মাণ ও চলাচল নিয়ন্ত্রণ;
১০. মোটরযানের এক্সেল লোড ও ওজনসীমা নির্ধারণ ও নিয়ন্ত্রণ;
১১. আঞ্চলিক পরিবহণ কমিটি গঠন ও এর কার্যক্রম তদারকি , পরিবীক্ষণ ও সমন্বয়;
১২. মোটরযানের কর ও ফি আদায় এবং সরকারের পূর্বানুমতিক্রমে মোটরযানের ফি নির্ধারণ;
১৩. গণপরিবহণের ভাড়া নির্ধারণ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
১৪. যে কোন এলাকা বা অধিক্ষেত্রের মধ্যে সরকারের পূর্বানুমতিক্রমে মোটরযান ও গণপরিবহণের সংখ্যা নির্ধারণ ও নিয়ন্ত্রণ;
১৫. উপরি-উক্ত কোন বিষয়ের সাথে প্রাসঙ্গিক অন্য যে কোন কাজ; এবং
১৬. সরকার কর্তৃক সংশ্লিষ্ট অন্য কোনো আইন, বিধি, প্রবিধান দ্বারা প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| মোটরযান ব্যবস্থাপন সংক্রান্ত সেবা প্রদানের সময় হ্রাস | শতভাগ শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স অনলাইনে আবেদনের মাধ্যমে ইস্যুকৃত | দিন | ২ | ১ | ০ | ০ | ০ | | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং বিআরটিএর বার্ষিক প্রতিবেদন |
| | অনলাইন/ডিলার কর্তৃক মোটরযানের রেজিস্ট্রেশন এর জন্য আবেদন | দিন | ৪ | ৩ | ১ | ০ | ০ | | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং বিআরটিএর বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] মোটরযান ব্যবস্থাপনা আধুনিকায়ন | ৫০ | [১.১] মোটরযানের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৬ | ৪.৯০ | ৪.১১ | ৪.৬০ | ৪.৫০ | ৪.৪০ | ৪.৩০ | ৪.২০ | ৪.৮০ | ৫.০০ |
| | | | [১.১.২] মোটরযানে রেট্রো-রিফ্লেকটিভ নাম্বারপ্লেট সংযোজনকৃত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | ৪.০০ | ৪.১০ | ৩.৫০ | ৩.৪০ | ৩.৩০ | ৩.২০ | ৩.১০ | ৪.০০ | ৪.২০ |
| | | [১.২] মোটরযানের নথিসমূহের ডিজিটাল আর্কাইভকরণ | [১.২.১] আর্কাইভকৃত পৃষ্ঠার সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ১০০ | ১৫০ |
| | | [১.৩] মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [১.৩.১] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৬ | ৫.৭৫ | ৬.৭৪ | ৩.৫০ | ৩.৪০ | ৩.৩০ | ৩.১৫ | ৩.০০ | ৩.৮০ | ৪.০০ |
| | | | [১.৩.২] ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | ০.৯৫ | ০.৭৬ | ০.৬০ | ০.৫৮ | ০.৫৬ | ০.৫৩ | ০.৫০ | ০.৬৫ | ০.৭০ |
| | | [১.৪] ভিআইসির মাধ্যমে ফিটনেস সার্ভিস আউট সোর্সিং | [১.৪.১] আউট সোর্সিং পদ্ধতিতে ভিআইসির মাধ্যমে ফিটনেস সার্টিফিকেট প্রদানে বেসরকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | তারিখ | ৫ | ৩১.০১.২১ | ১০.০২.২১ | ২১.০২.২১ | ২৮.০২.২১ | ১৫.০৩.২১ | | | | |
| | | [১.৫] মোটরযানের কর ও ফি আদায় | [১.৫.১] সংগৃহীত রাজস্ব | সমষ্টি | টাকা (কোটি) | ৫ | ১৬২৬ | ১৬৭৯ | ১৫০০ | ১৪৮০ | ১৪৭০ | ১৪৬০ | ১৪৫০ | ১৬০০ | ১৭০০ |
| | | [১.৬] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | [১.৬.১] শতভাগ শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স অনলাইনে আবেদনের মাধ্যমে ইস্যুকৃত | তারিখ | তারিখ | ৫ | | | ১৫.০৪.২১ | ২২.০৪.২১ | ০৬.০৫.২১ | ১৩.০৫.২১ | ২৭.০৫.২১ | | |
| | | | [১.৬.২] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকৃত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৪ | ৩.৮০ | ৩.৫৮ | ৩.৬০ | ৩.৫০ | ৩.৪০ | ৩.৩০ | ৩.২০ | ৪.০০ | ৪.৫০ |
| | | | [১.৬.৩] ড্রাইভিং লাইসেন্স নবায়নকৃত | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৪ | ১.১০ | ০.৮৫ | .৯০ | .৮৫ | .৮০ | .৭৫ | .৭০ | ১.০০ | ১.১০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [২] সড়ক নিরাপত্তা জোরদারকরণ | ২৫ | [২.১] পেশাদার চালকদের রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত [রিফ্রেশার] পেশাদার চালক | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৬ | ১.০২ | ০.৭৫ | ০.৮০ | .৭৭ | ০.৭৪ | ০.৭০ | ০.৬৫ | ১.১০ | ১.২০ |
| | | [২.২] মোবাইলকোর্ট পরিচালনা | [২.২.১] পরিচালিত অভিযান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩০০০ | ১৪৪৫ | ১৬০০ | ১৫৯০ | ১৫৭০ | ১৫৫০ | ১৫০০ | ১৬৫০ | ১৭০০ |
| | | | [২.২.২] রুজুকৃত মামলা | সমষ্টি | সংখ্যা | ৫ | ২৪০৯২ | ১০৭৮১ | ১২০০০ | ১০০০০ | ৯৯০০ | ৯৭০০ | ৯৫০০ | ১৩০০০ | ১৪০০০ |
| | | [২.৩] জনসচেতনতা সৃষ্টি | [২.৩.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬০ | ৭০ | ৭০ | ৬৮ | ৬৪ | ৬২ | ৬০ | ৮০ | ৯০ |
| | | | [২.৩.২] বিলিকৃত লিফলেট, স্টিকার ও পোস্টার | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৪ | ৭.৫ | ৯.৮০ | ৫.০০ | ৪.৮০ | ৪.৭০ | ৪.৬০ | ৪.৫০ | ৮.০ | ৯.০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

নূর মোহাম্মদ মজুমদার
চেয়ারম্যান
(অতিরিক্ত সচিব)
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
ঢাকা-১২১২।

.............................................................................

চেয়ারম্যান
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

28.07.2020

.............................................................................

তারিখ

মোঃ নজরুল ইসলাম
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

.............................................................................

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

28.07.2020

.............................................................................

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিআরটিএ | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি |
| ২ | আরএফআইডি | রেডিও ফ্রিক্যুয়েন্সি আইডেনটিফিকেশন |
| ৩ | ডিআরসি | ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট |
| ৪ | ভিআইসি | ভেহিকেল ইন্সপেকশন সেন্টার |
| ৫ | এইচএসডিএল | হাই সিকিউরিটি ড্রাইভিং লাইসেন্স |
| ৬ | বিএসপি | বিআরটিএ সার্ভিস পোর্টাল |

# সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মোটরযানের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [১.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট | প্রত্যেকটি মোটরযানের বিপরীতে একটি রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হয়। রেজিস্ট্রেশন নম্বরসহ গাড়ি ও মালিকানা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যসহ প্রাথমিকভাবে একটি স্লিপ/সাময়িক সনদ প্রদান করা হয়। পরবর্তীতে মালিকের ছবি ও নিরাপত্তা ফিচার ইলেক্ট্রনিক চিপযুক্ত ডিজিটাল স্মার্ট কার্ড বিতরণ করা হয় যার উভয় পার্শ্বে বর্ণিত তথ্য মুদ্রিত ও চিপ এর মধ্যে সংরক্ষিত থাকে। | পরিচালক ( ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ | বিআরটিএ আইএস রিপোর্ট এবং প্রতিবেদন | বিআরটিএ আইএস |
| | [১.১.২] মোটরযানে রেট্রো-রিফ্লেকটিভ নাম্বারপ্লেট সংযোজনকৃত | সকল গাড়িতে একই ধরণের রেট্রো-রিফ্লেকটিভ নাম্বারপ্লেট (রাতে আলোতে উজ্জ্বল দেখায়) সংযোজন করা হয় এবং প্রত্যেক মোটরসাইকেলের নাম্বার প্লেটের সাথে একটি করে আরএফআইডি ট্যাগ লাগানো থাকে যার মাধ্যমে গতিবিধি পর্যবেক্ষণ করা যায়। অন্যান্য ক্ষেত্রে আরএফআইডি ট্যাগ গাড়ীর উইনসেডে লাগানো হয়। | পরিচালক ( ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ | ডিএনপি সিস্টেম রিপোর্ট ও প্রতিবেদন | ডিএনপি সিস্টেম রিপোর্ট |
| [১.২] মোটরযানের নথিসমূহের ডিজিটাল আর্কাইভকরণ | [১.২.১] আর্কাইভকৃত পৃষ্ঠার সংখ্যা | রেজিস্ট্রেশনকৃত মোটরযানের নথিসমূহ ডিজিটাল স্ক্যানিং এর মাধ্যমে প্রধান কার্যালয়ের ডাটা সার্ভারে সংরক্ষণ ও প্রয়োজনে সিস্টেমের মাধ্যমে ব্যবহার করা | পরিচালক (অপারেশন), বিআরটিএ | সিস্টেম রিপোর্ট এবং প্রতিবেদন | সিস্টেম রিপোর্ট |
| [১.৩] মোটরযানের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [১.৩.১] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | মোটরযানের রাস্তায় চলাচলের উপযুক্ততার সার্টিফিকেট হিসেবে ফিটনেস সার্টিফিকেট ইস্যু করা হয়। মোটরযান পরিদর্শন সাপেক্ষে প্রতি বছর এই সার্টিফিকেট নবায়ন করা হয়। | পরিচালক ( ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ | বিআরটিএ আইএস রিপোর্ট এবং প্রতিবেদন | বিআরটিএআইএসরিপোর্ট |
| | [১.৩.২] ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট | নতুন গাড়ি রেজিস্ট্রেশনের সময় ফিটনেস সার্টিফিকেট ইস্যু করা হয়। | পরিচালক ( ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ | বিআরটিএ আইএস রিপোর্ট এবং প্রতিবেদন | বিআরটিএআইএসরিপোর্ট |
| [১.৪] ভিআইসির মাধ্যমে ফিটনেস সার্ভিস আউট সোর্সিং | [১.৪.১] আউট সোর্সিং পদ্ধতিতে ভিআইসির মাধ্যমে ফিটনেস সার্টিফিকেট প্রদানে বেসরকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত | আউট সোর্সিং পদ্ধতিতে ভিআইসির মাধ্যমে ফিটনেস সার্টিফিকেট প্রদানে বেসরকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর। টেন্ডারের মাধ্যমে প্রতিষ্ঠান নির্বাচন করা এবং নির্ধারিত সময়ের পরে সিস্টেম বিআরটিএকে হস্তান্তর কর। | পরিচালক (অপারেশন), বিআরটিএ | চুক্তিপত্র স্বাক্ষরের তারিখ | চুক্তিপত্র স্বাক্ষরের তারিখ ও প্রতিবেদন |
| [১.৫] মোটরযানের কর ও ফি আদায় | [১.৫.১] সংগৃহীত রাজস্ব | মোটরযান ও ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত বিভিন্ন সার্ভিস প্রদানের জন্য আদায়কৃত রাজস্ব | পরিচালক (অপারেশন), বিআরটিএ | সিস্টেম রিপোর্ট ও প্রতিবেদন | সিস্টেম রিপোর্ট |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৬] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকরণ | [১.৬.১] শতভাগ শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স অনলাইনে আবেদনের মাধ্যমে ইস্যুকৃত | অনলাইনে আবেদনের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রথমে অনলাইনেই শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয়। | পরিচালক ( ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ | বিআরটিএবিএসপিরিপোর্ট এবং প্রতিবেদন | বিআরটিএ বিএসপি রিপোর্ট |
| | [১.৬.২] ড্রাইভিং লাইসেন্স ইস্যুকৃত | পরীক্ষায় অংশগ্রহন করে কৃতকার্য হলে চূড়ান্তভাবে ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয়। | পরিচালক ( ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ | বিআরটিএ এইচএসডিএল সিস্টেম রিপোর্ট এবং প্রতিবেদন | বিআরটিএ এইচএসডিএল সিস্টেম রিপোর্ট |
| | [১.৬.৩] ড্রাইভিং লাইসেন্স নবায়নকৃত | পেশাদার লাইসেন্স ৫ বছর এবং অপেশাদার লাইসেন্স ১০ বছর পর পর নবায়ন করা হয়। | পরিচালক ( ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ | বিআরটিএ এইচএসডিএল সিস্টেম রিপোর্ট এবং প্রতিবেদন | বিআরটিএ এইচএসডিএল সিস্টেম রিপোর্ট |
| [২.১] পেশাদার চালকদের রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত [রিফ্রেশার] পেশাদার চালক | পেশাদার গাড়ি চালকদের দক্ষতা ও সড়ক নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক স্বল্পমেয়াদি প্রশিক্ষণ প্রদান। | পরিচালক ( প্রশিক্ষণ), বিআরটিএ | প্রাপ্ত প্রতিবেদন | বিভাগীয় অফিসসমূহ হতে প্রাপ্ত তথ্য |
| [২.২] মোবাইলকোর্ট পরিচালনা | [২.২.১] পরিচালিত অভিযান | সড়ক পরিবহন সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয় এবং অপরাধের বিরুদ্ধে মামলা প্রদান করা হয়। এর ফলে সড়ক নিরাপত্তা বৃদ্ধি পায়। | পরিচালক ( এনফোর্সমেন্ট), বিআরটিএ | প্রাপ্ত প্রতিবেদন | ভ্রাম্যমান আদালত হতে প্রাপ্ত তথ্য |
| [২.২] মোবাইলকোর্ট পরিচালনা | [২.২.২] রুজুকৃত মামলা | সড়ক পরিবহন সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয় এবং অপরাধের বিরুদ্ধে মামলা প্রদান করা হয়। এর ফলে সড়ক নিরাপত্তা বৃদ্ধি পায়। | পরিচালক ( এনফোর্সমেন্ট), বিআরটিএ | প্রাপ্ত প্রতিবেদন | ভ্রাম্যমান আদালত হতে প্রাপ্ত তথ্য |
| [২.৩] জনসচেতনতা সৃষ্টি | [২.৩.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা ও সেমিনারের আয়োজন। | পরিচালক ( রোড সেফটি), বিআরটিএ | প্রাপ্ত প্রতিবেদন | বিভাগীয় অফিসসমূহ হতে প্রাপ্ত তথ্য |
| | [২.৩.২] বিলিকৃত লিফলেট, স্টিকার ও পোস্টার | সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও পোস্টার বিতরণ। | পরিচালক ( রোড সেফটি), বিআরটিএ | প্রাপ্ত প্রতিবেদন | বিভাগীয় অফিসসমূহ হতে প্রাপ্ত তথ্য |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|